

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সরকারি কমার্স কলেজ, চট্টগ্রাম

নং- সসককচ/এ-৫৯(মাস্টার্স শেষপর্ব)/২০১৮/২০০৭

তারিখ : ২৯.০৫.২০১৮

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে এম.বি.এ শেষ পর্ব (নিয়মিত) কোর্সে ২য় পর্যায়ে ভর্তি বিজ্ঞপ্তি

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে এম.বি.এ শেষ পর্ব হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা বিষয়ে ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রীদের ২য় পর্যায়ের অনলাইনের ভর্তির প্রাথমিক আবেদন সংগ্রহ ও জমাদান সংক্রান্ত নিয়মাবলী নিম্নরূপ :

১। ভর্তির যোগ্যতা :

ক) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা অথবা তিন বছর মেয়াদী স্নাতক পাস ও ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে। তবে চার বছর মেয়াদী স্নাতক সম্মান পরীক্ষায় পাস ডিগ্রি প্রাপ্ত অথবা ১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা উক্ত প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত/রেজিস্ট্রেশন প্রাপ্ত কোন প্রার্থী ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবেনা। উক্ত শর্ত ভঙ্গ করে কোন প্রার্থী এ ভর্তি কার্যক্রমে অংশগ্রহণ করলে তার ভর্তি বাতিল হয়ে যাবে।

২। আবেদনপত্র সংগ্রহের নিয়ম :

ক) শিক্ষার্থী জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট Website -www.nu.edu.bd/admissions এর Masters অপশনে ক্লিক করে Apply Now অপশনের মাধ্যমে আবেদন ফরম পূরণ করতে হবে। এই অপশনে শিক্ষার্থী তার অর্জিত স্নাতক (সম্মান)/ স্নাতক (পাস) স্নাতকোত্তর ১ম পর্ব পরীক্ষার রোলনম্বর, রেজিঃ নম্বর ও পাশের সন এন্ট্রি দিতে হবে। এই অপশনে শিক্ষার্থী তার পছন্দ অনুযায়ী একটি কলেজ/ইনস্টিটিউটের নাম Select করলে শিক্ষার্থী তার স্নাতক পর্যায়ে পঠিত বিষয়ে অধিভুক্তি জেলাওয়ারী কলেজসমূহের তালিকা দেখতে পারে এবং সতর্কতার সঙ্গে প্রার্থিত কলেজের পছন্দ নির্বাচনসহ অন্যান্য তথ্য পূরণ করবে। এ পর্যায়ে আবেদন ফরমে শিক্ষার্থীর ছবি স্ক্যান করে আপলোড করতে হবে এবং Submit অপশনে গিয়ে ফরম Download করে (ফরম কলেজে দেয়ার আগে) জাতীয় বিশ্ববিদ্যালয় নির্ধারিত আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা যেকোন শিওরক্যাশ এজেন্টের মাধ্যমে পরিশোধ করতে হবে।

খ) ফি জমাদানের সময় হিসাববিজ্ঞান বিষয় হলে Acc এবং ব্যবস্থাপনা বিষয় হলে Mgt লিখতে হবে।

গ) শিওরক্যাশ কী-ওয়ার্ড=COMOP আবেদন ফরমের রোল নম্বর Student ID হিসেবে গণ্য হবে।

ঘ) আবেদন ফরমের ওপর Transaction ID এবং মোবাইল নম্বর অবশ্যই লিখতে হবে।

৩। আবেদন ফরম জমা দেয়ার তারিখ ও সময় :


বিষয়	তারিখ ও সময়	ফরম জমার স্থান
হিসাববিজ্ঞান	৩০.০৫.২০১৮ হতে ০৬.০৬.২০১৮ সকাল ১০টা থেকে ১২.৩০টা	হিসাববিজ্ঞান বিভাগ সেমিনার কক্ষ
ব্যবস্থাপনা	পর্যন্ত (সরকারি ছুটি ও বন্ধের দিন ব্যতিত)	ব্যবস্থাপনা বিভাগ সেমিনার কক্ষ


৪। আবেদন ফরম জমা দেয়ার সময় যে সকল কাগজপত্র জমা দিতে হবে:-


স্নাতক পর্যায়ে পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র ও রেজি. কার্ডের সত্যায়িত ফটোকপি।

বিশেষ দ্রষ্টব্য : জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে যে কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবেনা।

প্রতিস্বাক্ষর:


২৯/০৫/১৮
প্রফেসর মোহাম্মদ আইয়ুব ভূঁইয়া
অধ্যক্ষ
সরকারি কমার্স কলেজ, চট্টগ্রাম


২৯.৫.২০১৮
বিভাগীয় প্রধান, হিসাববিজ্ঞান বিভাগ
সরকারি কমার্স কলেজ, চট্টগ্রাম


২৯/০৫/১৮
বিভাগীয় প্রধান, ব্যবস্থাপনা বিভাগ
সরকারি কমার্স কলেজ, চট্টগ্রাম